

# ‘দেবযানীর চিঠি’ পেলো দ্বিতীয় পুরস্কার

মৈত্রেয়ী কুমার

Online version: <http://wp.me/p7iuFD-4o>



Photo courtesy: Flickr/[Caitlin Regan](#)

আমার গল্পের আকারে লেখা ‘দেবযানীর চিঠি’ প্রতিলিপি দ্বারা আয়োজিত ‘ডাকঘর’ প্রতিযোগিতায় দ্বিতীয় পুরস্কার পেয়েছে। পত্রসাহিত্যকে উৎসাহ দিতে প্রতিলিপির উদ্যোক্তারা আয়োজন করেন এই প্রতিযোগিতা। তাঁরা ভারতীয় ভাষায় লেখা সাহিত্যকে স্বমর্যাদায় প্রতিষ্ঠা করার জন্য শুরু করেছেন প্রতিলিপি প্লাটফর্ম। উদ্দেশ্য খুবই সাধু, যদিও সহজলভ্য নয়।

আপনাদের সব পাঠকদের জানাই আমার অনেক ধন্যবাদ, আমার দেওয়া গল্প/চিঠিগুলো পড়বার জন্য। আপনারা আমার লেখা পড়ে মতামত (কমেন্টস) এবং উৎসাহ (লাইক এবং শেয়ার) দিলেই তবে গিয়ে আমার পরিশ্রম সার্থক। আর আমার লেখা গল্পটি যে এত পাঠকের ভালো লেগেছে, এতে আমি অনেক খুশি এটা বলা বাহুল্য।

যাঁরা আমার প্রতিযোগিতায় দেওয়া ‘দেবযানীর চিঠি’-টি পড়েননি, তাঁদের জন্য আবার দিলাম লিঙ্কটি :



**দেবযানীর চিঠি:** ‘বন্ধুরা, বাচ্চারা মিলে পিকনিকে বেরিয়েছি সবাই। তুমি ফাঁকা রাস্তায় যথারীতি দিগ্বিদিক ভুলে হাই স্পিড তুললে। সাথে বাচ্চারা আছে! বললাম, ‘অনি, একটু আস্তে!’ তুমি বললে, ‘তুমি আমাকে গাড়ি চালানো শিখিও না!’ সংযত সুরে বললাম, ‘সাবধানের মার নেই।’ তুমি আচমকা ব্রেক কষে গাড়ি সাইড করলে। পেছন ফিরে বললে, ‘তোমার অসুবিধে হলে নেমে যাও!’ বন্ধুরা চুপ। বাচ্চাগুলো অবাক। তাতুন বিরক্ত। আর আমি? বোবা।’

৪ জুন ২০১৬